

ভিডিও

ছবি

ভিডিও

ভর্তি

## ডেন্টালে তৃতীয় মাইগ্রেশন, ভর্তির সুযোগ ৩৭ জনের

নিজস্ব প্রতিবেদক ঢাকা



By using this site, you agree to our Privacy Policy. OK

২০২৩-২৪ শিক্ষাবর্ষের সরকারি ডেন্টাল কলেজ ও মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিটের বিডিএস কোর্সে শূন্য আসনে তৃতীয় দফায় মাইগ্রেশনের তালিকা প্রকাশ করেছে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর। দ্বিতীয় দফায় মাইগ্রেশনের শেষে অপেক্ষমাণ তালিকা থেকে ৩৭ জনকে সরকারিভাবে ভর্তির জন্য মনোনীত করা হয়েছে। নির্বাচিত শিক্ষার্থীদের আজ বৃহস্পতিবার (৬ জুন) থেকে ২৪ জুনের মধ্যে ভর্তিপ্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ‘২০২৩-২৪ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ বিডিএস কোর্সে সরকারি ডেন্টাল কলেজ ও মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটসমূহের শূন্য আসনে মেধা ও পছন্দের ভিত্তিতে দ্বিতীয় দফায় মাইগ্রেশন শেষে অপেক্ষমাণ তালিকা থেকে ৩৭ জনকে সরকারিভাবে ভর্তির জন্য মনোনীত করা হলো। ঢাকা ডেন্টাল কলেজ বা মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিটগুলোতে মাইগ্রেশনের সুযোগপ্রাপ্ত শিক্ষার্থীরা ভর্তিকৃত কলেজের অধ্যক্ষের দপ্তরে যোগাযোগ করবেন। ৬ থেকে ২৪ জুনের মধ্যে অবশ্যই ভর্তির সব আনুষ্ঠানিকতা সম্পন্ন করবেন শিক্ষার্থীরা। মাইগ্রেশনপ্রাপ্ত শিক্ষার্থীদের কেউ ভর্তি হতে ব্যর্থ হলে উভয় কলেজ হতে তাঁর ছাত্রত্ব বাতিল হয়ে যাবে।’

অপেক্ষমাণ তালিকা ও মাইগ্রেশনের ফলাফল স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট ও স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইট থেকে জানা যাবে। পাশাপাশি এসএমএসের মাধ্যমেও এ-সংক্রান্ত তথ্য জানানো হবে।

বিডিএসে ২০২৩-২৪ শিক্ষাবর্ষের প্রথম বর্ষে ভর্তির জন্য পরীক্ষা অনুষ্ঠিত হয় ৮ মার্চ। দুই দিন পর ১০ মার্চ ফলাফল প্রকাশ করা হয়। ভর্তি পরীক্ষার প্রাপ্ত নম্বর ও এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ থেকে প্রাপ্ত নম্বর যোগ করে অর্জিত স্কোরের ভিত্তিতে মেধা ও পছন্দক্রম অনুযায়ী ৫৪৫ জনকে প্রাথমিকভাবে নির্বাচিত করা হয়। তাঁদের মধ্যে সাধারণ ৫১৩ জন, মুক্তিযোদ্ধা কোটায় ২৭ জন এবং পশ্চাৎপদ জনগোষ্ঠীর জন্য সংরক্ষিত আসনে ৫ জন রয়েছেন।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



 prothomalo.com

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান  
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো

By using this site, you agree to our Privacy Policy.